দৈনিক বাংলা 001

তারিখ ..09 SEP 1985..
পৃষ্ঠা... 1 কলাম 3

# শান্তি বজায় রাখতে সরকার বদ্ধপরিকর : বাবলু

সরকার যে কোন মূল্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তি ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে বদ্ধপরিকর। শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দিন মাহমুদ বাবলু বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে এক বিবৃতিতে একথা বলেন।

তিনি বলেন শিক্ষাঙ্গন তথা বিশ্ববিদ্যালয়কে সরকার বিচারালয়ের মত পবিত্রতম স্থান বলে মনে করেন। তাই বিশ্ববিদ্যালয়সমূহকে সব রকম দলীয় কোন্দল, সন্ত্রাস ও শিক্ষা কার্যক্রমের ব্যাঘাত সৃষ্টি

(৫-এর পৃঃ দ্রঃ)

## বাবলু

(প্রথম পাতার পর)

কারী কর্মকান্ড থেকে মুক্ত থাকা উচিত।

জনাব জিয়াউদ্দিন বলেন, অনাকাঙ্খিত ঘটনার জন্য দেশের বিশ্ববিদ্যালয়সমূহ অনেক দিন বন্ধ ছিল। এর ফলে ছাত্র সমাজ তথা জাতি অশেষ ক্ষতির সম্মুখীন হয়েছে। অনভিপ্রেত ঘটনার জন্য বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ হয়ে থাক এবং ছাত্রদের স্বাভাবিক কার্যক্রম বন্ধ হোক সরকার কোন অবস্থাতেই তা হতে দিতে পারেন না।

তাই সরকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে বিশদ আলোচনা করেছেন এবং এই প্রেক্ষিতে ঢাকাসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ছাত্রদের জন্য নিয়ম-কানুন তৈরি করেন। বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ রক্ষার্থে এবং অছাত্রদের দৌরাত্ম থেকে মুক্ত রাখার জন্য বিশ্ববিদ্যালয়সমূহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। সরকার এগুলোর সঙ্গে একাত্ম।

তিনি বলেন বিশ্ববিদ্যালয় খোলার পর থেকে ছাত্র-শিক্ষক কর্মচারীসহ সবার ঐকান্তিক প্রচেষ্টায় তুলনামূলকভাবে বিশ্ববিদ্যালয়সমূহে গত এক মাসে শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হয়েছে। কিন্তু দুর্ভাগ্যবশত গত দু'দিন যাবত ঢাকা বিশ্ববিদ্যালয়ে কিছু অবাঞ্ছিত ও ক্যাডারপ্রত ঘটনা সংগঠিত হয়েছে যার ফলে সাধারণ ছাত্র সমাজের স্বাভাবিক কার্যক্রম হুমকির সম্মুখীন হচ্ছে।

তিনি বলেন, সরকার শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সকল মহলকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে কার্যকর ভূমিকা পালন করার আহবান জানাচ্ছেন। খবর তথ্য বিবরণীর।